

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা




বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষ্যে সংস্থাসমূহের প্রদর্শনীসমূহ তদারকির নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহাম্মদ আকবর হুসাইন, অতিরিক্ত সচিব (বিপ্র), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৭ ফেব্রুয়ারি ২০২০, সকাল ১১:০০ টা
স্থান : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২২টি (১৩+৯) কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সংস্থাসমূহের প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি 'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষ্যে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ৬.১.২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মসূচিসমূহ সভায় পাঠ করে শোনান। তিনি ১৯৬৮/১৯৬৯ এ বঙ্গবন্ধুর উপর প্রকাশিত পত্রিকা, ম্যাগাজিন ও দুর্লভ চিত্র সংগ্রহ করা হয়েছে মর্মে জানান। তিনি ১৬ মার্চ ২০২০ থেকে পরবর্তী বছর অর্থাৎ বার মাস ব্যাপী ১৩টি অনুষ্ঠান এবং শেষের মাসে (মার্চ/২০২১) ২টি অনুষ্ঠান করার কথা সভায় উল্লেখ করেন। আগামী মার্চ/২০২০ থেকে কবিতা আবৃত্তি, বই প্রচ্ছদ ইত্যাদি বিষয়ে অনুষ্ঠান শুরু করার উপর গুরুত্বারোপ করেন।

২। এ পর্যায়ে প্রদর্শনীসমূহের প্রধান সমন্বয়ক হিসেবে দায়িত্বপালনকারী অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব রবীন্দ্রনাথ রায় চৌধুরী বলেন, কর্মসূচি ১৩টি নয় কর্মসূচি হবে ২২টি। তিনি ২২টি কর্মসূচি যথাযথ পালনের জন্য সভায় উপস্থিত বিভিন্ন সংস্থা থেকে আগত প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া সংস্থাসমূহের নিজস্ব কোন কর্মসূচি থাকলে সেটাও অন্তর্ভুক্ত করতে পারবেন মর্মে অভিমত ব্যক্ত করেন। কর্মসূচিসমূহ বাস্তবায়নের বিষয়ে কোন সমস্যার সম্মুখীন হলে তাঁর সাথে যোগাযোগ করা যেতে পারে মর্মে সভায় জানান। তিনি আরো বলেন, কর্মসূচিগুলো মন্ত্রণালয় থেকে সাজিয়ে দেয়া হবে সংস্থাসমূহ শুধু অর্থের সংস্থান করবে। সার্বিক আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১) সংস্থাসমূহকে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
 - ২) 'মুজিব বর্ষ' উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি পরবর্তী প্রজন্মের জন্য সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
 - ৩) সকল কর্মসূচিতে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সিনিয়র সচিব এবং সকল কর্মকর্তা-কে আমন্ত্রণ জানাতে হবে।
 - ৪) কোন সমস্যার সম্মুখীন হলে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিপ্র) জনাব মুহাম্মদ আকবর হুসাইন এবং অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব রবীন্দ্রনাথ রায় চৌধুরী-এর সাথে যোগাযোগ করতে হবে।
- ৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মুহাম্মদ আকবর হুসাইন)
অতিরিক্ত সচিব (বিপ্র)
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়